আজকের কাগজ

তারিখ ...22 JAN 1994 ... ..
পৃষ্ঠা ৪ । কলাম ৬ ...

161

## বেসরকারি শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

আমাদের দেশের অধিকাংশ বিদ্যালয় বেসরকারি। এ বিদ্যালয়গুলো সরকার সরাসরি নিয়ন্ত্রণ করেন না। ফলে এ বিদ্যালয়গুলোতে আনাড়ি অযোগ্য শিক্ষক নিয়োগ করা হয়, অর্থাৎ যে সকল শিক্ষকের ছাত্র/ছাত্রীদের শিক্ষাদান করার ক্ষমতা নেই। বেসরকারি বিদ্যালয়ের অধিকাংশ শিক্ষক যাদের শিক্ষাগত যোগ্যতা থাকলেও বিদ্যালয়ের পাঠ্যপুস্তক সহজে পড়তে পারে না। ছাত্র/ছাত্রীদের ঠিকমত শিক্ষা দিতে পারে না। বিশেষ করে ইংরেজি শিক্ষার বেলায় শিক্ষকগণ বেশ দুর্বল। শিক্ষকদের দুর্বলতার কারণে ছাত্র/ছাত্রীরা তাদের প্রকৃত শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত। এতে ছাত্র/ছাত্রীরা যতটুকু ক্ষতিগ্রস্ত হচ্ছে তার চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে জাতি।

ইদানীং নতুন বিদ্যালয় স্থাপন করে মনগড়া শিক্ষক নিয়োগ করছেন বিদ্যালয়গুলোর পরিচালনা কমিটি। এই কমিটি নিয়োগপ্রাপ্ত শিক্ষকের নিকট বিদ্যালয় উন্নয়ন ফি বা কমিটি উন্নয়ন ফি নিয়ে অযোগ্য শিক্ষক নিয়োগ করছেন। এছাড়া যে সকল বেসরকারি বিদ্যালয় সরকার কর্তৃক অনুমোদিত সে সকল বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রে স্থানীয় প্রশাসন দুর্নীতির আশ্রয় নিচ্ছেন। ফলে প্রকৃত মেধাবী শিক্ষক নিয়োগ হচ্ছে না। তাই বেসরকারি বিদ্যালয়ের (নতুন/পুরাতন) নিয়োগের বেলায় যাতে প্রকৃত মেধা সর্বোপরি পরিচ্ছন্নভাবে শিক্ষক নিয়োগ করা হয় সে ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

*কাজী আসাদুজ্জামান*
*কাজীপাড়া, তেঁতুলিয়া*
*পঞ্চগড়*